দৈনিক সংবাদ



তারিখ 24 MAY 1989
পৃষ্ঠা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## সরকারের লোক নিয়োগ স্থগিত সংক্রান্ত কোন নির্দেশ জারি হয়নি

গতকাল এক তথ্য বিবরণীতে বলা হয়: দৈনিক 'সংবাদ'-এর গত ২১শে মে, ১৯৮৯ তারিখের সংখ্যায় "সরকারের লোক নিয়োগ আপাততঃ স্থগিত" শিরোনামে প্রকাশিত খবরটির প্রতি কতিপয় বিভাগ/কার্যক্রমের দায়িত্বাবলী ও প্রয়োজনীয়তা বা অপ্রয়োজনীয়তা নির্ধারণকল্পে গঠিত কমিটির দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদের শিরোনাম থেকে জনমনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টির আশংকা থাকায় বিষয়টি সম্পর্কে প্রকৃত তথ্য নিম্নে দেয়া হলো:

'সংবাদ'-এ বর্ণিত ১৩ই মে'র পত্রে লোক নিয়োগ স্থগিত রাখার কথা বলা হয়নি, কেবল রাজস্ব বাজেটের আওতাধীন কোন নতুন পদ সৃষ্টি আপাততঃ স্থগিত রাখার কথা বলা হয়েছে। নুতন পদ সৃষ্টি আর সৃষ্ট পদে লোক নিয়োগ এক নয়। তাছাড়া উল্লিখিত পত্র কমিটির সদস্য-সচিব লিখেছেন। সুতরাং এটি রাষ্ট্রপতির সচিবালয়ের নির্দেশ হিসেবে গণ্য হতে পারে না। এরূপ পদ সৃষ্টির প্রস্তাব স্থগিত রাখার উদ্দেশ্য ছিল এই যে, কমিটির সুপারিশের সংগে সামঞ্জস্য রেখেই নতুন পদ সৃষ্টির বিষয় বিবেচনা হওয়া আবশ্যক।

সংশ্লিষ্ট সকলের বিভ্রান্তি নিরসনের জন্য জানানো যাচ্ছে যে, রাষ্ট্রপতির সচিবালয় থেকে সরকারের লোক নিয়োগ আপাততঃ স্থগিতের কোন নির্দেশ জারি করা হয়নি, মুয়ীদ কমিটির পক্ষ থেকে কেবল রাজস্ব বাজেটের আওতায় নতুন পদ সৃষ্টি আপাততঃ স্থগিত রাখার অনুরোধ জানানো হয়েছে।"